

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.৬৯

তারিখ: ২ শ্রাবণ ১৪২৫

১৭ জুলাই ২০১৮

বিষয়: নিরীক্ষাসহ সকল কার্যক্রমে ই-নথি সিস্টেমের মাধ্যমে জারিকৃত পত্রের গ্রহণযোগ্যতা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে সকল সরকারি অফিসে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করা হচ্ছে। ই-নথি বাস্তবায়নকারী দপ্তরসমূহ যেকোনো স্থান থেকে নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করতে সক্ষম হচ্ছে যা সর্বমহলে বহুল প্রশংসিত হচ্ছে।

০২। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(খ) ও (গ)-এ সংশ্লিষ্ট অফিসসমূহে পত্র যোগাযোগসহ 'ইলেক্ট্রনিক নোটিং, ফাইলিং ও ইলেকট্রনিক স্বাক্ষর ব্যবহারের মাধ্যমে সকল অফিসে পর্যায়ক্রমে ইলেক্ট্রনিক অফিস পদ্ধতি চালু করতে হবে' মর্মে নির্দেশনা রয়েছে। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন-২০০৬-এর দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ে ইলেক্ট্রনিক স্বাক্ষর, ইলেক্ট্রনিক রেকর্ড, ইলেকট্রনিক রেকর্ডের স্বীকৃতি, প্রাপ্তি স্বীকার ও প্রেরণের বিষয়ে আইনগত বাধ্যবাধকতার বিষয়টি উল্লেখ রয়েছে। অধিকন্তু, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৩ জুলাই ২০১৭ তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮ সংখ্যক স্মারক পত্রে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্রগ্রহণ ও পত্রজারির নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ই-নথি সিস্টেমের মাধ্যমে জারিকৃত পত্রসমূহ নিরীক্ষাসহ সকল দাপ্তরিক কাজে গ্রহণযোগ্য মর্মে বিবেচনা করার জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কার্যালয়সহ আওতাধীন দপ্তরসমূহে নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৭-৭-২০১৮

মোঃ শাহগীর আলম

উপসচিব

ফোন: ৯৫৮৮৩৯৫

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: eg_sec1@cabinet.gov.bd

বিতরণ :

- ১) কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ
- ২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
- ৩) রেক্টর/মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ৫) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.৬৯/১(৩)

তারিখ: ২ শ্রাবণ ১৪২৫

১৭ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ



১৭-৭-২০১৮

মোঃ শাহগীর আলম

উপসচিব